দৈনিক ইত্তেফাক

তারিখ JAN 21 2000
পৃষ্ঠা ৩ কলাম ১

# রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য স্থান নির্বাচিত

রাঙ্গামাটি, সংবাদদাতা ॥ গত বুধবার জেলা প্রশাসক সম্মেলন কক্ষে জেলার জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের প্রতিনিধিত্বমূলক এক সভায়

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ )

## রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি

( ৩য় পৃঃ পর )

পৌরসভার আসাম বস্তির খেইপ্পাপাড়াতে প্রস্তাবিত রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ৬টি স্থান হইতে অংশগ্রহণকারী অধিকাংশ প্রতিনিধি উক্ত স্থানের পক্ষে ভোটদান করেন। পৌর এলাকার ৫ নং ওয়ার্ডের চেয়ালিয়া খালের তীরে একটি টিলার উপর এই বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে। মোট ১০০ একর জমির মধ্যে ৭৫ একর রেকর্ডভুক্ত ও ২৫ একর খাস জমি। ভূমি অধিগ্রহণ ও উন্নয়নের জন্য ৭৫ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হইয়াছে।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী কল্পরঞ্জন চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম শরণার্থী বিষয়ক টাস্কফোর্সের চেয়ারম্যান দীপংকর তালুকদার পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান চিংকিউ রোয়াজা' চট্টগ্রাম বিভাগীয় কমিশনার এএসএম মোবাইদুল ইসলাম জেলা প্রশাসক অবু হায়দার সরদার, বিশ্ববিদ্যালয় প্রকল্প পরিচালক অধ্যাপক সিকান্দর খান প্রমুখ।